



প্রেস বিজ্ঞপ্তি

সৌন্দর্যবর্ধনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পাশে থাকবে আকিজ গ্রুপ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ জানুয়ারি ২০২৪খ্রিঃ

সৌন্দর্যবর্ধনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পাশে থেকে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছেন দেশের শীর্ষস্থানীয় শিল্প প্রতিষ্ঠান আকিজ গ্রুপ। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ক.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার আমন্ত্রণে আকিজ গ্রুপের এজিএম, বিটিএল হেড (ইভেন্ট এন্ড আউটডোর) আজম বিন তারেকের নেতৃত্বে একটি টিম ২৮ জানুয়ারি ২০২৪ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয় পরিদর্শনে আসেন। এসময় উপাচার্য মহোদয় তাদেরকে সাথে নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে ক্যাম্পাসের বিভিন্ন স্থান পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, সহকারী প্রক্টর ড. মোহাম্মদ মাহফুজ আলম, সহকারী প্রক্টর ফরহাদ উদ্দীন, উপ-প্রধান প্রকৌশলী মুরশীদ আবেদীন, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক (গ্রেড-৪) সুব্রত কুমার বাহাদুরসহ অন্যান্যরা। পরিদর্শন শেষে আকিজ গ্রুপের টিমটি বিশ্ববিদ্যালয়ের পুকুর সংস্কারসহ নানারূপ সৌন্দর্যবর্ধনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পাশে থেকে কাজ করতে আগ্রহ প্রকাশ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়